# ৩ বিশ্ববিদ্যালয়ে নতুন ভিসি নিয়োগ

**নিজস্ব প্রতিবেদক**

প্রকাশ: ২৭ জুলাই, ২০২৬ ২১:১৭




ছবি : কালের কণ্ঠ

নেত্রকোনা বিশ্ববিদ্যালয়, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় ও কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়ে নতুন উপাচার্য (ভিসি) নিয়োগ দেওয়া হয়েছে। সোমবার (২৭ জুলাই) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে এসংক্রান্ত পৃথক প্রজ্ঞাপন জারি করা হয়।

প্রজ্ঞাপন অনুযায়ী, নেত্রকোনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে নিয়োগ পেয়েছেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক মো. খালেদ উজ্জামান।

কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে দায়িত্ব পেয়েছেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক মো. হাবীবুর রহমান।

আর হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য করা হয়েছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ফুড

ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টি টেকনোলজি বিভাগের অধ্যাপক মো. মোজাম্মেল হককে।

শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে বলা হয়, রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে বিশ্ববিদ্যালয়গুলোর আইন অনুযায়ী তাদের এই পদে নিয়োগ দেওয়া হয়েছে।

যোগদানের তারিখ থেকে আগামী চার বছর অথবা তাদের অবসর গ্রহণের তারিখ—যেটি আগে ঘটবে, সে সময় পর্যন্ত এই নিয়োগ বহাল থাকবে।

শর্ত অনুযায়ী, নতুন উপাচার্যেরা তাদের মূল পদের সমপরিমাণ বেতন-ভাতা পাবেন এবং বিধিসম্মত পদ-সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ-সুবিধা ভোগ করবেন। নিয়োগ প্রাপ্তদের সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করতে বলা হয়েছে। তবে জনস্বার্থে চ্যান্সেলর যেকোনো সময় এই নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।